

## শ্রীশ্রীহরি সঙ্গীত

- ৩। ভক্তির গুণে যদুপতি, পাণ্ডব সখা হ'লে।  
ভক্তির গুণে দীন দয়াময় বিদুরের ক্ষুদ খেয়েছিলে ॥
- ৪। ভক্তির গুণে গুহক চণ্ডাল, রামা মিতে বলে।  
ভক্তির গুণে হনুমান তাই রামরূপ দেখে হৃদকমলে ॥
- ৫। ভক্তির গুণে গোলোকচন্দ্র হরিচাঁদকে পেলে।  
ভক্তির শূন্য দীন দৈন্য অশ্বিনী, তুই রইলি ভুলে ॥

### ৫৫ নং তাল-যৎ

- তৃণ হতে সুনীচেন, নইলে কি প্রেম ঘটে।  
কৃষ্ণ প্রেমের নিম্ন গতি, উর্দ্ধেতে প্রেম রয় না মোটে ॥
- ১। প্রেম পথের কন্টক পঞ্চ সাধু শাস্ত্রে রটে।  
জ্ঞাতি, বিদ্যা, মহতঞ্চ-রূপ যৌবন সে বটে ॥
- ২। যোগী, ঋষি, কি সন্ন্যাসী যে প্রেম পায় না মোটে।  
গোপী, কপি প্রাপ্ত হ'ল রামে শ্যামে হয়ে নিষ্ঠে ॥
- ৩। রুহিদাস সে নত গুণে কৃষ্ণ প্রেম তার ঘটে।  
গঙ্গা বলে ডাকলে পরে, চর্ম কাঠর গঙ্গা উঠে ॥
- ৪। কৃষ্ণ প্রেম সিংহ দুগ্ধ, সুনির্মল মিঠে।  
সুবর্ণ পাত্রেতে রয় প্রেম, মেটে পাত্র যায় গো ফেটে ॥
- ৫। পদ শূন্য প্রেম উদয় হ'ল হরিচাঁদের হাটে।  
সরার ভাগ্যে প্রাপ্ত হ'ল, অশ্বিনীর ঘটল না ঘটে ॥

### ৫৬ নং তাল-ঠুংরী

- গুরু নিষ্ঠা নামে রুচি হ'ল কই। অবোধ মন তোরে কই ॥
- ১। (ও মন) যার হয়েছে নামে রুচি, মুচি হ'ল সর্বশুচী,  
নামে বিরুচি ব্রাহ্মণে কুলাবে  
যে হয়েছে গুরুনিষ্ঠ, চণ্ডাল হ'ল সর্বশ্রেষ্ঠ ভাগবতে প্রমাণ সই ॥
- ২। যত্নে গুরু বৈদ্য ধর, নামৌষধি সেবন কর,